# দোহায় আলোচনায় পাকিস্তান–আফগানিস্তান নতুন যুদ্ধবিরতিতে সম্মত



সংগৃহীত ছবি

দীর্ঘ উত্তেজনা ও সীমান্ত সংঘাতের পর নতুন করে যুদ্ধবিরতিতে রাজি হয়েছে পাকিস্তান ও আফগানিস্তান। কাতারের দোহায় অনুষ্ঠিত বৈঠকে তুরস্ক ও কাতারের মধ্যস্থতায় এই সমঝোতা হয় বলে জানিয়েছে কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয়।

দীর্ঘদিন ধরে চলমান সীমান্ত উত্তেজনার মধ্যে নতুন করে শান্তি আলোচনায় বসে পাকিস্তান ও আফগানিস্তান। কাতারের রাজধানী দোহায় আয়োজিত এই বৈঠকে দুই দেশ আবারও যুদ্ধবিরতিতে সম্মত হয়। রোববার (১৯ অক্টোবর) কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে এই তথ্য নিশ্চিত করেছে—খবর রয়টার্স।

বিবৃতিতে বলা হয়, তুরস্ক ও কাতারের সক্রিয় মধ্যস্থতায় দুই দেশ যুদ্ধবিরতি কার্যকর এবং তা স্থায়ী করার বিষয়ে একমত হয়েছে। ভবিষ্যতে এই চুক্তির পূর্ণ বাস্তবায়ন নিশ্চিত করতে আরও আলোচনা ও উচ্চপর্যায়ের বৈঠক চালিয়ে যাওয়ার আশ্বাসও দিয়েছে উভয় পক্ষ।

এর আগে গত বুধবার ৪৮ ঘণ্টার যুদ্ধবিরতি ঘোষণা করা হলেও তা ভঙ্গ করে আফগানিস্তানের অভ্যন্তরে বিমান হামলা চালায় পাকিস্তান। ফলে এবারও যুদ্ধবিরতি কতটা দীর্ঘস্থায়ী হবে, তা নিয়ে সংশয় দেখা দিয়েছে রাজনৈতিক বিশ্লেষকদের মধ্যে।

LENS ASIA